

যৌন হয়রানির প্রতিবাদের জের

নবীনগরে শিক্ষার্থীদের ওপর হামলা

নবীনগর (ব্রাঞ্জণবাড়িয়া) প্রতিনিধি

১ ২২ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

ব্রাঞ্জণবাড়িয়ার নবীনগরে প্রাইভেট কোচিং শেষে বাড়ি ফেরার পথে যৌন হয়রানির প্রতিবাদ করায় ছাত্রছাত্রীদের ওপর হামলা করেছে সংঘবন্ধ বখাটেরা। সোমবার সন্ধিয়ায় নবীনগর পৌর এলাকার ২নং ওয়ার্ডের পশ্চিমপাড়ায় এ ঘটনা ঘটে।

হামলার শিকার ছাত্রছাত্রীরা হলো-আন্দুর রহমান, দীপ্তি, ফাহমিদা, ফারহানা নাদিয়া, শুভ। স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানায়, বখাটের হামলার শিকার ছাত্রছাত্রীরা সবাই নবীনগর সরকারি উচ্চবিদ্যালয় ও নবীনগর ইচ্ছাময়ী পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী।

ঘটনার দিন সন্ধিয়ায় নারায়ণপুর ডিএস কামিল মাদ্রাসার শিক্ষক শামিরের কাছে প্রাইভেট কোচিং শেষে বাড়ি ফেরার পথে ১০-১৫ বখাটে তাদের ওপর হামলা চালায়। আহত ছাত্রছাত্রীদের নবীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে চিকিৎসা করানো হয়।

আহত ছাত্রছাত্রীরা জানায়, কয়েক মাস কোচিং করতে এসে আমরা প্রতিদিনই যৌন হয়রানির শিকার হচ্ছি। বিষয়টি আমাদের অভিভাবক কেউ জানেন। আজ কোচিং শেষে বাড়ি ফেরার পথে স্থানীয় ১৫-২০ জন সংঘবন্ধ বখাটে আমাদের ওপর হামলা করে।

নবীনগর থানার ওসি মো. সাইফুল্লিন আনোয়ার জানান, আমি ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা থানায় এসে লিখিত অভিযোগ দিচ্ছেন। দৃষ্টান্তমূলক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023